3000Rs.

INDIA NON JUDICIAL

३००० रु. Rs 3000

सत्यमेव जयते

भारत

तीन हज़ार रुपये THREE THOUSAND RUPEES

মং ৩৫০০০্ পঁয়ত্রিশ হাজার টাকা মূল্যের সাফ বিক্রয় কোবালা দলিল ।

---

| কোবালা গ্রহিতা | কোবালা দাতা |
|---|---|
| শ্রী দক্ষিণা রঞ্জন চক্রবর্তী<br>পিতা স্বর্গীয় হরচন্দ্র চক্রবর্তী<br>সাং শ্রীনগর /গড়িয়া/ ,থানা<br>সোনারপুর, জেলা দক্ষিণ<br>২৪ পরগণা । জাতি হিন্দু,<br>পেশা— কম্পাউণ্ডার । | ১। শ্রীমতী পদ্মা নস্কর<br>স্বামী শ্রী রামচন্দ্র নস্কর<br>২। শ্রী রাম চন্দ্র নস্কর<br>পিতা স্বর্গীয় ভদ্রেশ্বর নস্কর<br>উভয় সাং তেঁতুলবেড়িয়া , থানা<br>সোনারপুর, জেলা দক্ষিণ ২৪ পরগণা,<br>উভয় জাতি হিন্দু, ১নং পেশা গৃহস্বামী<br>২ নং পেশা অবসর প্রাপ্ত । |

কস্য খাস রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের কমবেশ সুচিহ্নিত /২ -৪ ‘দুই

উভয়ে মালিক ও দখলিকার আছি । আমাদের উভয়ের সর্ব্ব মোট ২ কাঠা ৩ .১৬ ছটাক

500Rs






কাঠা চারি[illegible]রকুলাদি জমি সহ আকর আওলাতাদি সহ অসংলগ্ন ও অসংলিপ্ত যাবতীয় সুবিধাদি সহ সর্ব্ববিধ ইজমেন্ট ও ব্যবহারিক সুবিধাদি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল পত্রমিদং কার্য্যঞ্চাগে ঃ -

জেলা ২৪ পরগণা অধুনা দক্ষিণ ২৪ পরগণা, থানা সোনারপুর, এ.ডি.এস.আর.ও. সোনারপুর, পরগণা মেদনমল্ল, তৌজি নং ৮, অত্র জেলা কালেক্টারির ২৭১ নং তৌজি ভুক্ত জে.এল. নং ৪৪, চৌপুনবেড়িয়া মৌজায় সাবেক ২৬০ রিভিশনাল জরিপের ৪৬৭,৪৬৮,৪৬৯,৪৭০ ও ৪৭১ নং খতিয়ান ভুক্ত এক জমার হাল ৬ .৩৬ শতক জমির কাত বার্ষিক ৩.৩০ পয়সা জমার অন্তর্গত ১৬২/নং দাগ ভুক্ত ও ঐ মৌজায় সাবেক ২৯৭ নং রিভিশনাল জরিপের ৪৩০ নং খতিয়ান ভুক্ত .০৬ শতক জমির বার্ষিক খাজনা .৫৩ পয়সা জমার মধ্যে সাবেক ১৬২ হাল ৬ নং

উভয়ে মালিক ও দখলিকার আছি। আমাদের উভয়ের সর্ব্ব মোট ২ কাঠা ৩.৭৬ ছটাক

10 Rs.

दस रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

१०रू.

TEN RUPEES

10RS.



দাগের জমি জমা মধ্যে হাল ৪৬৭,৪৬৮,৪৬৯,৪৭০,৪৭১ নং খতিয়ানের অন্তর্গত হাল ৬ নং দাগ ভুক্ত জমি মধ্যে .০৪ শতক এবং হাল ৪৩০ নং খতিয়ান ভুক্ত হাল ৬ নং দাগের অন্তর্গত জমি মধ্যে .০২ শতক একুনে .০৬ শতক শালি জমির মালিক দখলিকার হেমন্ত কুমার নস্কর মহাশয়ের নিকট হইতে গত ইংরাজী ১১।২।৫৯ তারিখে সন্তোষ কুমার নস্কর মহাশয় খরিদ করিয়া নির্ব্যূঢ় স্বত্বের মালিক ও দখলিকার থাকেন এবং উক্ত সাবেক ১৬২ হাল ৬ নং দাগের অন্তর্গত .৫৯ শতক জমি মধ্যে সুচিহ্নিত ভাবে .০৪ শতক জমি গত ইংরাজী ৩।২।৬৭ তারিখে উক্ত শ্রী সন্তোষ কুমার নস্কর মহাশয় উক্ত জমির মালিক দখলিকার হরেন্দ্র নাথ নস্কর মহাশয়ের নিকট হইতে খরিদ করিয়া মালিক দখলিকার থাকেন। অতঃপর উক্ত সন্তোষ কুমার নস্কর মহাশয়ের অর্থের প্রয়োজন হওয়ায় তাঁহার উক্ত খরিদা মোট ০৬ শতক জমি বিক্রয় করার ঘোষণা করিলে অত্র কোবালা দলিলের আমি অত্র ১ নং কোবালা দাত্রী গত ইংরাজী ২৬।৮।৬৯ তারিখে সোনারপুর সাব রেজেষ্ট্রী অফিসে রেজেষ্ট্রী কৃত ১নং বহির ২৯ নং ভলিউমের ২৪৪ পাতা হইতে ২৪৬ পাতায় লিপিবদ্ধ সন ১৯৬৯ সালের ১৬৫২ নং সাফ কোবালা দলিল মূলে উক্ত নির্ব্যূঢ় স্বত্বের মালিক দখলিকার শ্রী সন্তোষ কুমার

উভয়ে মালিক ও দখলিকার আছি। আমাদের উভয়ের [illegible] টাক

নস্কর মহাশয়ের নিকট হইতে খরিদ করিয়া খাসে ভোগবতী ও মালিক দখলকারিণী হইয়াছি এবং মালিক সরকারে আমার উক্ত খরিদা সম্পত্তিতে নিজ নাম জারি বা পত্তনাদি করাইয়া লইয়া যথারীতি খাজনাদি আদায় দিয়া খাসে দখলকারিণী থাকা অবস্থায় উক্ত জমি মধ্যে ৬´ ফুট প্রশস্ত কমন প্যাসেজের অবিভক্ত অংশ সহ কমবেশ /২কাঠ শালি জমি আলিপুর ডি, এস, আর, রেজেষ্ট্রী কৃত ১৯৯৩ সালের ৫৭৭৯ নং সাফ কোবালা দলিল মূলে শ্রীমতী শিবা দত্ত মহাশয়াকে বিক্রয় করিয়া দিয়া চিরতরে নিঃস্ব ও দখলহীনা হই এবং অবশিষ্ট ১কাঠা ১০.০৮ ছটাক জমিতে মালিক দখলকারিণী আছি।

অত্র কোবালা দলিলের ২নং কোবালা দাতা আমার পিতা অধুনা স্বর্গীয় ভদ্রেশ্বর নস্কর মহাশয়ের নামে রিভিশন্যাল খতিয়ানে ২৯৭ নং খতিয়ান হইতে বত হাল ৪৭২ নং খতিয়ান ভুক্ত সম্পত্তি ।।৮পাই খাজনায় ষোল আনা রেকর্ড ভুক্ত হইয়া চূড়ান্ত ভাবে প্রকাশিত ও প্রচারিত হয়। তিনি উক্ত খতিয়ান ভুক্ত ৬ নং দাগের অন্তর্গত ০১ শতক শালি জমিতে নির্ব্যূঢ় স্বত্বে মালিক থাকেন। অতঃপর তিনি বিপত্নীক অবস্থায় আমি অত্র ২ নং কোবালা দাতাকে একমাত্র ওয়ারিশ পুত্র রাখিয়া পরলোক গমন করেন। আমি অত্র ২ নং কোবালা দাতা পিতার ওয়ারিশ সূত্রে উক্ত ৬ নং দাগের ০১ শতক শালি জমিতে নির্ব্যূঢ় স্বত্বে মালিক ও দখলকার হইয়াছি ও আছি।

প্রসঙ্গতঃ উল্লেখ থাকে যে – বর্তমানে ১ নং কোবালা দাত্রীর স্বত্ব দখলীয় উক্ত ৬ নং দাগ ভুক্ত সুচিহ্নিত ১ কাঠা ১০.০৮ ছটাক এবং ২ নং কোবালা দাতার উক্ত ৬ নং দাগ ভুক্ত সুচিহ্নিত ৯.৬৮ ছটাক জমি আমরা উভয় কোবালা দাতা ও দাত্রী উভয়ে স্বামী স্ত্রী বিধায় উভয়ের উক্ত সম্পত্তি একত্র করিয়া একযোগিতে খাসে উভয়ে মালিক ও দখলকার আছি। আমাদের উভয়ের সর্ব্ব মোট ২ কাঠা ৩.৭৬ ছটাক

জমি মধ্যে কমন প্যাসেজ যাওয়া বাদে অবশিষ্ট ২ দুই কাঠা ৪ স্কোয়ার ফুট খালি জমি আমরা অত্র কোবালা দাতা ও দাত্রী একত্রে এজমালে খাসে ভোগবান ও মালিক দখলিকার হইয়েছি ও আছি।

এক্ষণে নানাবিধ বৈধ কারণে আমাদের নগদ অর্থের বিশেষ প্রয়োজনে আমাদের উপরোক্ত ২ কাঠা ৪ স্কোয়ার ফুট জমি সায় কমন প্যাসেজের সর্ববিধ স্বত্বাদি যাহা নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত হইল তাহা বিক্রয় করার ঘোষণা করিলে আপনি অত্র কোবালা গ্রহিতা তাহা বর্তমান বাজারোচিত সর্বোচ্চ পণ বেলমোক্তা ৩৫০০০্ পঁয়ত্রিশ হাজার টাকায় খরিদ করিতে রাজী হইয়া আমাদের নিকট প্রকাশ ও প্রস্তাব করিলে আমরা আপনার উক্ত প্রস্তাবিত পণ বা মূল্য বর্তমান বাজারের সর্বোচ্চ বিবেচনা করিয়া আপনার উক্ত প্রস্তাবিত পণে আপনাকে বিক্রয় করিতে সম্মত হইয়া অদ্য তারিখে আপনার নিকট হইতে উক্ত ধার্য্য পণের সমুদয় ৩৫০০০্ পঁয়ত্রিশ হাজার টাকা নগদ বুঝিয়া পাইয়া এবং এতদ্বারা তাহার প্রাপ্তি স্বীকারে উপরোক্ত ও নিম্নের তপশীলে বিশেষ রূপে বর্ণিত সম্পত্তি অদ্যকার তারিখে অত্র কোবালা মূলে আপনাকে সাফ বিক্রয় করিয়া দিয়া তাহা হইতে আমরা সায় আমাদের ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে এক কালিন চিরতরে নিঃস্বত্ব ও দখলহীন হইলাম। আপনি অদ্য হইতে আমাদের যাবতীয় স্বত্ব স্বত্ববান ও মালিক দখলিকার হইয়া কালেকটারিতে স্থানীয়, স্থানীয় অঞ্চল পঞ্চায়েতে বা মিউনিসিপ্যালিটিতে এবং যে কোন প্রয়োজনীয় স্থানে অত্র কোবালা দলিলের বলে আপনার নিজ নাম জারি বা খতিয়ানাদি করাইয়া লইয়া যথারীতি খাজনা ও ট্যাক্সাদি আদায় দিয়া দান, বিক্রয়, বন্ধকাদি সর্ব প্রকার হস্তান্তরের অবাধ ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে যদিচ্ছা পরম সুখে ভোগদখল করিতে থাকুন, তাহাতে আমরা সায় আমাদের ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে কেহ কস্মিনকালে কোনও প্রকার ওজর আপত্তি দাবী

দাওয়া করিতে পারিব না ও পারিবেক না, করিলেও তাহা সর্ব্বত্র সর্ব্বদা বাতিল ও অগ্রাহ্য হইবে ।

অত্র বিক্রীত সম্পত্তি আমরা ইতিপূর্ব্বে অপর কাহাকেও দান, বিক্রয়, বন্ধক, বায়না, প্রজাবিলি, চার্জ্জ, সিকিউরিটি ইত্যাদির দ্বারা বা অন্য কোনও প্রকারে হস্তান্তর বা দায়াবদ্ধ করি নাই বা উহাতে অপর কোনও সরিক, অংশীদার বা দাবীদার নাই বা উহা কোনও আদালত কর্ত্তৃক নিলাম বিক্রয় হয় নাই বা ক্রোকাবদ্ধ নহে বা উহা কাহারও জামানতে ও খোরপোষের দায়ে আটক বা আবদ্ধ নাই বা উহা আমরা ইতিপূর্ব্বে কোনও দেবসেবায় বা জনহিতকর কাজে অর্পণ করি নাই বা এ্যাকুইজিশান হয় নাই বা সি,এম,ডি,এ, কর্ত্তৃক গৃহীত হয় নাই । সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ স্বত্ব যুক্ত ও খাস অবস্থায় অত্র কোবালা মূলে আপনাকে সাফ বিক্রয় করিয়া দিয়া বিক্রীত সম্পত্তিতে খোলসা খাস দখল দিলাম ।

ভবিষ্যতে অত্র দলিলে কোনরূপ ভুল ত্রুটি থাকা প্রকাশ পাইলে আপনার খরিদা স্বত্ব সম্পূর্ণ দৃঢ়তর করার জন্য অত্র কোবালার পোষকে যুক্তি সহত যে কোন দলিল করার প্রয়োজন হইলে তাহা আমরা বিনা পণে বেওজরে আপনার খরচায় সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম ।

ভবিষ্যতে উপরোক্ত উক্তি বা তাহার কোনও অংশ মিথ্যা বা ভঞ্চকী থাকা প্রকাশ পাইলে দাণ্ডিক আইন আমলে আসিব । অধিকন্তু আমার প্রকাশিত স্বত্ব দখলের হীনতা বা ন্যূনতা প্রযুক্ত আপনার খরিদা স্বত্বের বা স্বার্থের হানি বা বিঘ্ন ঘটিলে পণের সমুদয় টাকা আয় খরচ ও ক্ষতি পূরণ সহ আপনাকে ফেরত দিতে আমরা আয় আমাদের ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে বাধ্য থাকিলাম ।

আরও প্রকাশ থাকে যে আপনাকে বিক্রীত সম্পত্তি সংক্রান্ত আমারদের নিকট থাকা সমুদয় টাইটেল কাগজ পত্রাদির জেরক্স কপি অত্র দলিল পোষকে আপনাকে




সুচিহ্নিত কমবেশ ২ দুই কাঠা ৪ স্কোয়ার ফুট শালি জমি মায় আকর আওতাভাদি মায় অবস্থান ও অসংশ্লিষ্ট যাবতীয় স্বত্বাদি মায় উক্ত জমি সংলগ্ন কমন প্যাসেজ ও লিঙ্ক প্যাসেজাদির উপর ও অদেশ দিয়া জলের কলের পাইপ ইলেকট্রিক লাইন

অর্পণ করিলাম।

এতদার্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে স্বেচ্ছায় অত্র দলিলের যাবতীয় মর্ম সম্যক অবগত হইয়া ও ভালরূপ বুঝিয়া অত্র দলিলের যাবতীয় সর্তে আমরা মায় আমাদের ওয়ারিশানগণক্রমে বাধ্য থাকিয়া অত্র কোবালার পণের সমুদয় টাকা নিম্ন টাকার জায়মত বুঝিয়া পাইয়া আপনার নাম বরাবর অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল যথারীতি সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি তারিখ ইংরাজী সন ১৯৯৪ সালের ২৫ শে এপ্রিল, মোতাবেক বাংলা সন ১৪০১ সালের ১১ ই বৈশাখ।

তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয়

জেলা ২৪ পরগণা অধুনা দক্ষিণ ২৪ পরগণা থানা সোনারপুর, এ. ডি. এস. আর. ও. সোনারপুর, পরগণা মেদনমল্ল, তৌঃসাঃ নং ৮, অত্র জেলা কালেক্টারির ২৭১ নং তৌজি ভুক্ত জেঃএলঃ নং ৪৪, চৌহাটিবেড়িয়া মৌজায় সাবেক ২৬০ রিভিশন্যাল জরিপের ৪৬৭,৪৬৮,৪৬৯,৪৭০ ও ৪৭১ নং খতিয়ানের অন্তর্গত সাবেক ১৬২ হাল ৬ ছয় নং দাগ ভুক্ত সুচিহ্নিত .০৪ শতক এবং সাবেক ২৯৭ হাল ৪৩০ নং খতিয়ান অন্তর্গত সাবেক ১৬২ হাল ৬ ছয় নং দাগে সুচিহ্নিত ০২ শতক সর্ব মোট এক শতাংশ ০৬ ছয় শতক জমি মধ্যে ইতিপূর্ব্বে বিক্রয় বাদে ১কাঠা ১০ .০৮ ছটাক এবং হাল ৪৭২ নং খতিয়ান ভুক্ত সাবেক ১৬২ হাল ৬ নং দাগে ০১ শতক বা স্থানীয় মাপে ৯.৬৮ ছটাক একুনে ২ কাঠা ৩.৭৬ ছটাক শালি জমি মধ্যে কমন প্যাসেজে যাওয়া বাদে অবশিষ্ট অত্র সহ দাখিলী এবং অত্র দলিলের একাংশ গণ্য নক্সায় লাল রংয়ের সীমারেখা দ্বারা সুচিহ্নিত কমবেশ ২ দুই কাঠা ৪ স্কোয়ার ফুট শালি জমি মায় আব্রু আওলাতাদি মায় তৎসংক্রান্ত ও তৎসংশ্লিষ্ট যাবতীয় স্বত্বাদি মায় উক্ত জমি সংলগ্ন কমন প্যাসেজ ও লিঙ্ক প্যাসেজাদির উপর ও ভিতর দিয়া জলের কলের পাইপ ইলেকট্রীক লাইন

টেলিফোনের তার , গ্যাস লাইন ইত্যাদি আনা লওয়া ও জল নিকাশী অধিকার আদি সহ সর্ব্ববিধ ইজমেন্ট ও ব্যবহারিক সুত্বাদি অত্র কোবালায় বিক্রীত সম্পত্তি হইতেছে । বিক্রীত সম্পত্তির হারাহারি বার্ষিক খাজনা প্রতি বত্তিয়ানের জন্য ০৫ পয়সা হিসাবে সাতটি বত্তিয়ানের জন্য .৩৫ পয়সা হাল মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর সরকারে দেয় । বিক্রীত শালি জমি বর্ত্তমানে চাষাবাদে ব্যবহৃত হইতেছে ।

চৌহদ্দি ঃ –

উত্তর – প্রমথী পিবা দত্তের বরিদা জমি ।
দক্ষিণ – ঐ ২৫ দাগের জমি
পূর্ব্ব – ৬ নং দাগের অংশ
পশ্চিম – ৬´ ফুট প্রশস্ত কমন প্যাসেজ ।

পণের টাকার জায়

১০০_ টাকার নোট ৩৫০ কেতায় – ৩৫০০০_ ঃ পঁয়ত্রিশ হাজার টাকা মাত্র ।

ইসাদি ঃ –

মুসাবিদাকারক
Sukumar Das
এ্যাডভোকেট, আলিপুর
W.B./1409/81

টাইপকারক
আলিপুর পুলিশ কোর্ট
কলিকাতা – ২৭ ।